

## ফতওয়া নং ২৬৮

### প্রশ্ন:

বিবাহের মজলিস থেকে মসজিদ সালামি মাদ্রাসা সালামি ঈদগা সালামি নাম দিয়ে টাকা আদায় করা যাবে কি অনুগ্রহ করে জানাবেন এটি কতটা শরীয়ত সম্মত।

### উত্তর:

বিবাহের সঙ্গে মসজিদ, মাদ্রাসা বা ঈদগাহে দান করার কোনো সম্পর্ক নেই। স্বেচ্ছায় কেউ যেকোনো সময় দান করতে পারে। চাপে পড়ে কেউ কিছু দিলে তা নেওয়া শরীয়তে জাইয হবে না। (আল মাসাইলুল মুহিম্বাহ্ ৯/২১১)

রসূলুল্লাহ (সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম) বলেছেন, কোন লোক তার ভাই-এর অন্তরকে ব্যথিত করে তার লাঠি (সামান্য বস্তু) গ্রহণও বৈধ হবে না। (বুলুগুল মারাম, হাদীস নং ৮৭৫)

স্বাক্ষর

মুফতী সাইফুল ইসলাম কাসিমী  
ফতওয়া বিভাগ, জামিয়া নুমানিয়া।  
১২ শাবান, ১৪৪৫ হিজরী (23/02/2024)